এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৮ | ৬ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

**১.** সিলেটের সুরমা গ্রামের জরিনা নিজ উদ্যোগে বাঁশ ও বেতের কাজের দ্বারা নানান ধরনের ব্যবহৃত পণ্য সামগ্রী তৈরি করে পরিবারের স্বচ্ছলতা আনে। তার সফল উদ্যোগের ফলে গ্রামের অধিকাংশ মহিলারা এই কাজের উদ্যোগ গ্রহণ করে। পরবর্তীতে তাকে উৎসাহ দানের জন্য সরকারও তাকে বিভিন্নভাবে সহায়তা করছে।

ক. সরকারের আয়ের প্রধান ক্ষেত্র কী? ১

খ. উৎপাদনের সাথে উপযোগের সম্পর্ক - ব্যাখ্যা কর। ২

গ. সুরমা গ্রামের মহিলাদের উৎপাদনের আওতা কোন খাতের অধীনে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মহিলাদের কাজ কীভাবে সামাজিক অগ্রগতিতে ভূমিকা রাখবে? মূল্যায়ন কর। ৪

**২.** নাফিস গাজীপুরে একটি পোল্টি ফার্ম দেখাশুনা করেন। তার কলেজ পড়ুয়া ছোট ভাই রনিও ফার্মটি দেখাশোনা করে। তার ফার্মে প্রায় ৪,০০০ মুরগী আছে। ঢাকার বড় বড় হোটেলে তিনি সরাসরি মুরগী সরবরাহ করেন। সফলতার কারণে তিনি ব্যবসা সম্প্রসারণে আগ্রহী।

ক. সংগঠন কী? ১

খ. শ্রমের গতিশীলতা - ব্যাখ্যা কর। ২

গ. নাসিফের ব্যবসাটি কী ধরনের সংগঠনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাসিফের ব্যবসাটি সম্প্রসারণের সিদ্ধান্ত কতটুকু যুক্তি সঙ্গত বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

**৩.** আলম দেশে সাবানের ব্যাপক চাহিদা দেখে সকল সুযোগ-সুবিদা সম্বলিত একটি সাবান শিল্প স্থাপনের উদ্যোগ নেয়। ঋণ হিসাবে প্রাইম ব্যাংক থেকে অর্থ সংগ্রহ করে। তবে তিনি চাহিদার অতিরিক্ত উৎপাদন না করার জন্য সিদ্ধান্ত নেন।

Teachingbd.com

http://teachingbd.com

ক. উৎপাদনের কাম্য মাত্রা কী? ১

খ. অভ্যন্তরীণ ব্যয় সংকোচের সুবিধাগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত আলমের প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চাহিদাতিরিক্ত উৎপাদনের ঝুঁকির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪. রনজু একটি ফ্যাশন হাউজের মালিক। ফ্যাশন পণ্যের কাঁচামাল থেকে শুরু করে উৎপাদন কার মাধ্যমে করা হবে। ডিজাইন কী ধরনের হবে, চূড়ান্ত পণ্য কীরূপ হবে ইত্যাদি যাবতীয় কাজের জন্য তিনি পরিকল্পনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করে থাকেন।

ক. দ্রব্য কী? ১

খ. সেবা অস্পর্শনীয়? - ব্যাখ্যা কর। ২

গ. রনজুর সামগ্রীর কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রনজুর প্রতিষ্ঠানের কাজটি কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর। ৪

৫. সাজ্জাদ একটি প্রতিষ্ঠানে ডিজাইনার হিসেবে প্রতি মাসে গড়ে ৪০টি প্যান্ট ও শার্টের ডিজাইন করে। বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে যুগোপযোগী ডিজাইন করেন। এতে দিন দিন প্রতিষ্ঠানটি সফলতা অর্জন করছে।

ক. রুচিসম্মত ডিজাইন কী? ১

খ. উত্তম ডিজাইনের বৈশিষ্ট্য - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সফলতা লাভে কেন সক্ষম হয়েছে - ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাজ্জাদ প্রতিষ্ঠানটি কীভাবে সফলতার শীর্ষে পৌঁছাতে কাজ করে যাচ্ছে বিশ্লেষণ কর। ৪

৬. ২০১৪ সালে সোহান ফার্নিচার কারখানা ৫,০০,০০০ টাকা মূল্যের কাঁচামাল ও অন্যান্য উপকরণ ব্যবহার করে। এই সময় প্রতিষ্ঠানটি শ্রমিকদের বেতন ও মজুরি বাবদ ১,০০,০০০ টাকা এবং যন্ত্রপাতি বাবদ ৮০,০০০ টাকা প্রদান করে। ২০১৪ সালে উক্ত কারখানার মোট উৎপাদিত ফার্নিচারের উৎপাদনমূল্য ১২,০০,০০০ টাকা হয়। ২০১৩ সালে কারখানাটির মোট উৎপাদনশীলতা ও মালামালের উৎপাদনশীলতা ছিল যথাক্রমে ১.৮ ও ২.৬।

http://teachingbd.com

ক. মোট শ্রম ঘণ্টা কী?

খ. উৎপাদন কী জীবন যাত্রার মান উন্নত করে? ব্যাখ্যা কর।

গ. ২০১৪ সালের শ্রমের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. ২০১৪ সালের মোট উৎপাদনশীলতা ও মালামালের উৎপাদনশীলতার ওপর তোমার মতামত দাও। ৪

**৭.** সদ্য প্রতিষ্ঠিত কসমেটিকস সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান সোনালী বাজার জরিপের মাধ্যমে পণ্যের ডিজাইন স্থির করেন। উৎপাদনের সামর্থ্য যাচাই করে এটি স্বল্প আকারের ডিজাইনকৃত পণ্য উৎপাদন করে। উৎপাদিত পণ্য যাচাই-বাছাই করে ফলাফল সন্তোষজনক হলে প্রতিষ্ঠানটি পরবর্তী পদক্ষেপ গ্রহণ করে।

ক. ব্যবসায়ের পণ্য ডিজাইন কেমন হওয়া উচিত? ১

খ. পণ্যের জীবন চক্র কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সোনালী প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের কোন স্তরে আছে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে সোনালীর জন্য পরবর্তী পদক্ষেপ কী হবে - বিশ্লেষণ কর। ৪

**৮.** যমুনা মেডিসিন লি. মানসম্মত ঔষধ সংগ্রহ করে হাসপাতালের ক্রেতাদের সরবরাহ করেন। সার্বিকমান বজায় রেখে ঔষধ সরবরাহের কারণে প্রতিষ্ঠানটি বেশ সুনামের সাথে পরিচালিত হচ্ছে। ভবিষ্যতে উন্নতমানের সেবা প্রদানে তারা কঠোর মান নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নেয়।

ক. ISO কী? ১

খ. বিএসটি আই এর কাজ কী? ব্যাখ্যা কর। ২

গ. যমুনা মেডিসিন লি. কঠোর মান নিয়ন্ত্রণের কোন ধরনের ব্যয় করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে উন্নতমানের সেবা প্রদান সংক্রান্ত যমুনা মেডিসিন লি. এর সিদ্ধান্তটি কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর। বিশ্লেষণ কর। ৪

**৯.** সায়মা ২০১২ সালে নরসিংদীর মাধবদীতে একটি এগ্রোফুড ইন্ডাস্ট্রি স্থাপন করেন। শুরু থেকেই প্রতিষ্ঠানটিতে প্রতি ৮ ঘণ্টার কার্য শিফটে ৫,০০০ ক্যান

http://teachingbd.com

জেলি উৎপাদন ক্ষমতা থাকলেও তিনি ৩,৫০০ ক্যান উৎপাদনের সিদ্ধান্ত নেন। এতে কারখানার কোন ধরনের বিঘ্ন ছাড়াই সুচারুভাবে চলতে লাগল।

ক. কাম্য উৎপাদন মাত্রা কী? ১

খ. সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উৎপাদন ক্ষমতা পরিমাপের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উৎপাদন ক্ষমতার যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০. 'সুরমা গার্মেন্টস' স্বাভাবিক পরিস্থিতিতে প্রতিদিন ৯,০০০ হাজার শার্ট উৎপাদন করে। প্রতিষ্ঠানটির উৎপাদন ব্যবস্থাপন রায়হান মনে করে দৈনিক সর্বোচ্চ ৫,০০০ শার্ট উৎপাদন করা গেলে দীর্ঘমেয়াদে মিতব্যয়িতা অর্জন করা সম্ভব। বর্তমানে প্রতিষ্ঠানটি প্রতিদিন ৬,০০০ শার্ট উৎপাদন করে। সমজাতীয় আরেকটি প্রতিষ্ঠানে জনি গার্মেন্টস এর কার্যকর উৎপাদন ক্ষমতা বর্তমানে ১১০%।

ক. পণ্য বৈচিত্রকরণ কী? ১

খ. উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখিত তথ্যগুলো ব্যবহার করে আদর্শ গার্মেন্টস এর সর্বোচ্চ উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠান দু'টির মধ্যে কোন প্রতিষ্ঠানটি মিতব্যয়িতা অর্জনে সক্ষম মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১১. বৃহদায়তন উৎপাদনের ক্ষেত্রে ব্যবহার একটি বিন্যাসের চিত্র দেওয়া হলো-

কাঁচামাল → কার্যক্ষেত্র-১ → কার্যক্ষেত্র-২ → কার্যক্ষেত্র-৩ → কার্যক্ষেত্র-৪ → উৎপাদিত পণ্য

ক. বিন্যাস কী? ১

খ. অফিস বিন্যাসের যান্ত্রিক কটেজ বলতে কী বোঝ? ২

গ. চিত্রে উল্লেখিত কারখানা বিন্যাসটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমজাতীয় কাজগুলোকে একই বিভাগের অধীনে এনে যে বিন্যাস করা হয় তার সাথে উদ্দীপকে উল্লেখিত বিন্যাসটির বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

সময়- ৩০মিনিট বহুনির্বাচনি প্রশ্ন পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. নারায়ণগঞ্জে হোসিয়ারি শিল্প গড়ে উঠার কারণ কী?**
ক কাঁচামালের সহজলভ্যতা
খ অনুকূল জলবায়ু
গ শ্রমিকের সহজলভ্যতা
ঘ যোগাযোগ ব্যবস্থা

**২. BSTI- এর পূর্ণরূপ কোনটি?**
ক Bangalgdesh Standing and testing Institution
খ Bangladesh Standard and Testing Institution
গ Bengal Standing and Testing Institutiton
ঘ Bengal Standard and Testing Institution

**উদ্দীপকটি পড়ো এবং ৩নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব X একজন চীনের নাগরিক। তিনি ঢাকা EPZ এর একটি রপ্তানিমূখী গার্মেন্টিস এর মালিক।

**৩. জনাব X এর অর্থনৈতিক কার্যক্রমে প্রভাবিত হবে বাংলাদেশে-**
ক GDP খ GNp
গ NNP ঘ NI

**৪. কারখানার প্রশাসনিক কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কোন লে- আউট স্থাপিত হয়?**
ক প্রসেস খ মূলধন
গ ভূমি ঘ সংগঠন

**৫. কোন ধরনের উৎপাদন ক্ষমতার তথ্য মেশিনের গায়ে লেখা থাকে?**
ক প্রকৌশলগত খ কার্যকর
গ প্রকৃত ঘ সর্বোচ্চ

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. ফারদিন ব্যাংকের সহায়তায় একটি সুতার কল স্থাপন করেন। তার ব্যবসায়টি বেশ লাভবান হওয়ায় তিনি তার বন্ধু মুন্নাকে সমঝোতার মাধ্যমে ব্যবসায়ে সংযুক্ত করেন।

**৬. মি. ফারদিনের ব্যাংক সহায়তা উৎপাদনর কোন উপাদান হিসেবে পরিচিত?**
ক শ্রম খ মূলধন
গ ভূমি ঘ সংগঠন

**৭. মি. মুন্নাকে ব্যবসায়ে সংযুক্ত করার ফলে ফারদিনের ব্যবসায়টি কীরূপ সংগঠন হিসেবে পরিচিত হবে?**
ক অংশীদারি খ কোম্পানি
গ সমবায় ঘ যৌথ উদ্যোগ

**৮. শ্রমিকের সহজলভ্যতা কোন ধরনের উপাদান?**
ক অর্থনৈতিক খ প্রাকৃতিক
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক

**৯. উৎপাদনের মাধ্যমে পণ্যের কী সৃষ্টি হয়?**
ক মালিকানা খ উপযোগ
গ চাহিদা ঘ ঝুঁকি

**১০. উৎপাদনের উপাদান কয়টি?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**১১. ভূমির বৈশিষ্ট্য হলো-**
i. প্রকৃতির দান
ii. আদিম ও অক্ষয়
iii. হস্তান্তরযোগ্য নয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১২. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক রূপগত খ কালগত
গ স্বত্ত্বগত ঘ স্থানগত

**উদ্দীপকটি পড়ো এবং ১৩নং প্রশ্নের উত্তর দাও:**
মি. সিয়াম একটি টেক্সটাইল মিলের উৎপাদন ব্যবস্থাপক। তিনি কাপড় উৎপাদনের জন্য জাপান থেকে যন্ত্রপাতি এবং ভারত থেকে সুতা ও অন্যান্য সামগ্রী আমদানির পরামর্শ দেন।

**১৩. উদ্দীপকে আমদানিকৃত পণ্য কোন প্রক্রিয়ায় ব্যবহৃত হবে?**
ক ক্রয় খ বিক্রয়
গ উৎপাদন ঘ বাজারজাতকরণ

**১৪. নিট জাতীয় উৎপাদন হিসাব করতে মোট জাতীয় উৎপাদন থেকে কী বাদ দেয়া হয়?**
ক মুনাফা
খ জমির খাজনা
গ প্রবাসীদের প্রেরিত অর্থ
ঘ অবচয়জনিত ব্যয়

**১৫. উৎপাদনের উপাদানসমূহ একত্রিত করেন কে?**
ক সংগঠক খ ক্রেতা
গ ভোক্তা ঘ সরবরাহকারী

Teachingbd.com

১৬. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজে প্রাথমিক মূলধন যোগান দেন কে?
ⓚ ব্যাংক ⓚ সরকার
(ক) ব্যাংক (খ) সরকার
(গ) মালিক (ঘ) এন জি ও

১৭. CNP- এর সূত্র কোনটি?
(ক) GDP-CCA (খ) GDP-DC
(গ) GDP-NNp (ঘ) C+I+G+(X-M)

১৮. প্রেত্রাজনিত ব্যয় সংকোচের সাথে কত প্রকার ব্যয় সম্পৃক্ত?
(ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪

উদ্দীপকটি পড়ো এবং ১৯নং প্রশ্নের উত্তর দাও:
ফাইজা লি. এর তথ্য নিম্নরূপ-
শ্রমিকের সংখ্যা -----------১৫০ জন
স্থায়ী সম্পত্তিসহ মূলধন -- ২০ কোটি টাকা।

১৯. ফাইজা লি. এর এন্টারপ্রাইজ কোন ধরনের?
(ক) ক্ষুদ্র (খ) মাঝারি
(গ) বৃহদায়তন (ঘ) সেবাধর্মী ক্ষুদ্র

২০. পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়-
i. পণ্যের সম্ভাব্য মূল্য
ii. ক্রেতাদের ক্রয় ক্ষমতা
iii. কাঁচামালের ব্যবহার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. কোনটি সেবার বৈশিষ্ট্য?
(ক) দৃশ্যমানতা (খ) অপরিবর্তনীয়তা
(গ) অবিচ্ছিন্নতা (ঘ) সংরক্ষণযোগ্যতা

২২. প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করেন কে?
(ক) বিপণন বিভাগ
(খ) উৎপাদন বিভাগ
(গ) মার্চেন্ডাইজিং কর্মকর্তা
(ঘ) কারিগরি বিভাগ

২৩. CPM- এর পূর্ণরূপ কোনটি?
(ক) Critical Policy Maker
(খ) Critical Planning Method
(গ) Critical Policy Method
(ঘ) Critical Plath Method

২৪. ব্যয়ের দৃষ্টিকোণ থেকে জাতীয় আয় পরিমাপে কোনটি যোগ হয়?
(ক) খাজনা
(খ) মজুরি
(গ) মুনাফা
(ঘ) রপ্তানি ও আমদানি পার্থক্য

২৫. নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়-
(ক) নির্বাহীর বেতন
(খ) কাঁচামালের খরচ
(গ) কারখানার ভাড়া
(ঘ) যন্ত্রপাতির অবচয়

২৬. বৃহৎ সিমেন্ট কারখানা নদীর তীরে গড়ে উঠার কারণ—
(ক) শ্রমিকদের সহজলভ্যতা
(খ) কাঁচামালের প্রাপ্যতা
(গ) যোগাযোগ সুবিধা
(ঘ) ক্রেতার সান্নিধ্য

২৭. হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
(ক) সময়গত (খ) স্থানগত
(গ) রূপগত (ঘ) স্বত্বগত

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:
বিদেশ থেকে এসে মি. সুমন তার বাড়ির কাছে মহাসড়কের পাশে বৃহৎ আকারের একটি দোকান দিলেন। দোকানটি স্থানীয় বাজার থেকে বহু দূরে। শহরের ন্যায় দোকান ও পর্যাপ্ত পণ্যসামগ্রী থাকলেও বেচা-কেনা তেমন হয় না। তাই দোকানটি বন্ধ হওয়ার পথে।

২৮. কোনটির অভাবে দোকানটি বন্ধ হওয়ার পথে?
(ক) পর্যাপ্ত মূলধনের
(খ) উপযুক্ত অবস্থানের
(গ) জ্বালানির শক্তির
(ঘ) যোগাযোগ ব্যবস্থায়

২৯. ব্যবসায়ের সফলতা লাভের জন্য মি. সমুনের করণীয় কী?
(ক) দোকানটি শহরে স্থানান্তর করা
(খ) ব্যাংক হতে পর্যাপ্ত ঋণ গ্রহণ করা
(গ) ব্যাপক বিজ্ঞাপনের ব্যবস্থা করা
(ঘ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটানো

৩০. কোনটিকে পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি বলা হয়?
(ক) ISO 9000 (খ) ISO 9002
(গ) ISO 9003 (ঘ) ISO 14000

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

http://teachingbd.com